

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ঝিনাইদহ।
<http://doict.jhenaidah.gov.bd>

জেলা ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত কমিটির সভার নভেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ খালিদ হাসান
সভার তারিখ	অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ।
সভার সময়	১৯.১১.২০২৩ খ্রি.
স্থান	দুপুর ১২:০০ ঘটিকা
উপস্থিতি	জেলা প্রশাসক, ঝিনাইদহ মহোদয়ের সম্মেলন কক্ষ পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জেলা ওয়েব পোর্টাল হালনাগাদ কমিটির সভার গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তৃতা রাখেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ কে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জেলা প্রশাসন ঝিনাইদহের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: সভায় জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলার সকল দপ্তরের ওয়েব পোর্টালের মধ্যে জেলা প্রশাসনের ওয়েব পোর্টাল সবচেয়ে গুরুত্বপূর্ণ। সর্বাধিক সংখ্যক ডিজিটর এই ওয়েব পোর্টালটি ডিজিট করে থাকেন। সেই মতে এই পোর্টালটি হালনাগাদ করা সবচেয়ে বেশী প্রয়োজন হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় তথ্য সংশ্লিষ্ট সরকারি দপ্তর হতে সংগ্রহ করা যেতে পারে।	সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ তথ্য সরবরাহ করবে।	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ; সহকারী কমিশনার (আইসিটি); ও সহকারী কমিশনার, শিক্ষা
০২	জেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ: সভায় আলোচনা হয় যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখের ৫৬.৮৩.০০০০.০১৩.২৫.০০৯.২৩.২ নং স্মারক পত্রের নির্দেশনায় জেলা ও নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ ও সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের নির্দেশনা থাকা সত্ত্বেও ঝিনাইদহ জেলার কিছু দপ্তরের নিয়মিতভাবে তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে না। সরকারি কার্যক্রম সুষ্ঠুভাবে নিয়মিত সম্পন্ন করার জন্য সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদসহ সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণ করা প্রয়োজন।	জেলা পর্যায়ের সকল দপ্তর নিজ নিজ ওয়েব পোর্টাল হালনাগাদ ও সাইবার নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	দপ্তর প্রধান (সকল) ঝিনাইদহ ও প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ।
০৩	উপজেলা পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদ: সভায় আরও আলোচনা হয় যে, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টালসমূহ ও হালনাগাদ করা প্রয়োজন।	উপজেলা নির্বাহী অফিসারগণের তত্ত্বাবধানে উপজেলা পর্যায় কমিটি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টাল হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এই ব্যাপারে সহকারী প্রোগ্রামারগণ ও ইউনিয়ন পরিষদের সচিবগণ সার্বিক সহায়তা প্রদান করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ ও সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ
০৪	সিটিজেন চার্টার, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য হালনাগাদ করণ: জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারি দপ্তর সমূহের সিটিজেন চার্টার, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য হালনাগাদ করণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত কলাম সকল দপ্তর সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। এ ছাড়াও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে।	সকল দপ্তর প্রধান, ঝিনাইদহ।

০৫	সকল ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য সময়সীমা: সভায় উল্লেখ করা হয় যে, কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য একটি নির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করা প্রয়োজন	জেলার অন্তর্ভুক্ত সকল ওয়েব পোর্টাল আগামী ৩০/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে হালনাগাদের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ
----	---	---	---

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৬-১২-২০২৩

মোঃ খালিদ হাসান

অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ।
adceduictjhenaidah@mopa.gov.bd


২১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৪৪০০.০০০.৩৪.০০২.১৯.৬৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ পরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক), ঝিনাইদহ;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), ঝিনাইদহ;
- ৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কর্মকর্তার দপ্তর, জেলা পরিসংখ্যান অফিস, ঝিনাইদহ;
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়(সকল), ঝিনাইদহ।;
- ৬। জনাব.....ঝিনাইদহ। এবং
- ৭। অফিস কপি।



০৬-১২-২০২৩

মোঃ তাহনিয়াতুল ইসলাম
প্রোগ্রামার